



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd


স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৭৭৬.১৪-৭/০৪

তারিখ: ১২/১০/২০১৭ খ্রি:।

বিষয়: একই কর্মস্থলে ০৩ (তিন) বছর বা ততোধিককাল কর্মরত সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা ও হিসাব সহকারীদের বদলী সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (সংশোধিত) প্রকল্পে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের পেশাগত দক্ষতা বৃদ্ধি, অভিজ্ঞতা অর্জন, কর্ম সম্পাদনে গতিশীলতা ও আর্থিক সচ্ছতা আনয়ন ও মানসম্মত জনসেবা নিশ্চিতকরণের লক্ষ্যে প্রকল্পভূক্ত উপজেলায় কর্মরত সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা ও হিসাব সহকারীদের মধ্যে যারা একই কর্মস্থলে ০৩ বছর বা ততোধিককাল সময় বা নিজ উপজেলা/জেলায় কর্মরত রয়েছেন তাদেরকে বিআরডিবি কর্তৃক জারিকৃত কর্মকর্তা-কর্মচারীদের বদলী নীতিমালার আলোকে প্রকল্প হতে বদলীর সিদ্ধান্ত নেয়া হয়েছে। উল্লেখ্য, দীর্ঘদিন একই কর্মস্থলে কর্মরত থাকার কারণে কিছু সংখ্যক সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা ও হিসাব সহকারীগণ প্রকল্প দপ্তরের নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন না করাসহ মাঠসংগঠকদের সঙ্গে সখ্যতা গড়ে উঠার কারণে প্রত্যেকের যোগ সাজসেই আর্থিক অনিয়মসহ মাঠ পর্যায়ের প্রশাসনিক শৃঙ্খলার অবনতি লক্ষ্য করা যাচ্ছে।

এমতাবস্থায়, প্রকল্পের সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা ও হিসাব সহকারীদের মধ্যে যারা একই কর্মস্থলে ০৩ বছর বা ততোধিককাল সময় বা নিজ উপজেলা/জেলায় কর্মরত রয়েছেন তাদেরকে কর্মরত জেলার বাহিরে প্রকল্পভূক্ত যে কোন ০৩ (তিন)টি কর্মস্থলের নাম অগ্রাধিকার ভিত্তিতে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আগামী ২৫/১০/২০১৭ খ্রি: তারিখের মধ্যে প্রকল্প দপ্তরে ই-মেইল এ প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। বর্ণিত সময়ের মধ্যে যাদের প্রস্তাব পাওয়া যাবে না, তাদের বিষয়ে প্রকল্প কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত হিসেবে গন্য হবে।


প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক (ইরেসপো)
বিআরডিবি, ঢাকা।
ফোন নং-০২-৮১৮০১৪৩

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. উপপরিচালক, বিআরডিবি, জেলা :-----।
২. প্রোগ্রামার, ইরেসপো, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, ----- উপজেলা, ----- জেলা।
৪. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (সকল), ইরেসপো, বিআরডিবি, ----- উপজেলা, ----- জেলা।
৫. হিসাব সহকারী (সকল), ইরেসপো, বিআরডিবি, ----- উপজেলা, ----- জেলা।
৬. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৭. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৮. অফিস নথি/গার্ড ফাইল।